গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মো: মশিউর রহমান এনডিসি,<br>বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। |
| সভার তারিখ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি:। |
| সভার সময় | দুপুর ১২.০০ টা। |
| স্থান | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ০২ নং ভবনের নীচ তলার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভা শুরু করেন। সভার শুরুতে গত ১৮.১২.২০১৯ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ় করা হয়। সভাপতি বলেন যে, তথ্য অধিকার আইন-২০০৯ নাগরিকের তথ্য লাভের একটি সহজ পন্থা। সভায় প্রত্যেক দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয় এবং নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে সকল কর্মকর্তার/কর্মচারীর তথ্য আপলোড করা এবং নিয়মিত হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। সভাপতি আরো বলেন যে, তথ্য কমিশন কর্তৃক তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট-কে ২০১৯ সালে প্রথম স্থান হিসেবে নির্ধারণ করেছে এবং পুরস্কার প্রদান করেছে।

২। সভায় উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও নেইম প্লেইট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কক্ষের সামনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড টানানো। | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও নেইম প্লেইট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কক্ষের সামনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড টানাতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০২ | ১৫ মার্চ, ২০২০ মাসের মধ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর মধ্যে অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকরণ। | ১৫ মার্চ, ২০২০ মাসের মধ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীরা নিজ উদ্যোগে নিম্নের লিংক হতে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। http://infocom.portal.gov.bd | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৩ | বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল তথ্য প্রদানকারী কর্মকর্তাসহ দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর পূর্ণাঙ্গ তথ্য ওয়েব পোর্টালে আপলোড করা এবং ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখা সংক্রান্ত। | বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল তথ্য প্রদানকারী কর্মকর্তাসহ দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর পূর্ণাঙ্গ তথ্য ওয়েব পোর্টালে আপলোড করা এবং ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি-বিধান অনুযায়ী তথ্য সরবরাহ। | তথ্য সরবরাহের ক্ষেত্রে তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৫ | নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য সরবরাহকরণ। | আবেদনকারীর যাচিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৬ | ৩৩৩ ও ৯৯৯ এর প্রচার সংক্রান্ত। | ৩৩৩ ও ৯৯৯ এর ব্যাপক প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: মশিউর রহমান এনডিসি,
বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.৭৫

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৬

১৮ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধান তথ্য কমিশনার , তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
৫) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট বিভাগ, সিলেট
৭) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট
৮) জেলা প্রশাসক, সিলেট
৯) জেলা প্রশাসক, সুনামগঞ্জ
১০) জেলা প্রশাসক, হবিগঞ্জ
১১) জেলা প্রশাসক, মৌলভীবাজার
১২) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
১৩) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
১৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, সিলেট
১৫) অধ্যক্ষ, মদনমোহন কলেজ, সিলেট
১৬) পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সিলেট।
১৭) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
১৮) উপপরিচালক, তথ্য অফিস, সিলেট
১৯) উপ পরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
২০) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট।
২১) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট
২২) জনাব আফতাব চৌধুরী, বিশিষ্ট সাংবাদিক ও কলামিষ্ট, উপশহর, সিলেট।
২৩) জনাব জামিল চৌধুরী , গ্রামীন জনকল্যাণ সংস্থা, মেন্দিবাগ পয়েন্ট, সিলেট।
২৪) জনাব নজমুল হক, নির্বাহী পরিচালক আইডিয়া, উপশহর, সিলেট।
২৫) জনাব এমাদ উল্যান শাহীন, আইনজীবী, সিলেট।
২৬) জনাব বেলাল আহমদ, প্রধান নির্বাহী, আইডিয়া, উপশহর, সিলেট
২৭) জনাব রুবি ফাতেমা ইসলাম, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
২৮) জনাব আসমা কামরান, ছড়ারপার, সিলেট।
২৯) এ্যাডভোকেট মুজিবুর রহমান চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা, জজকোর্ট, সিলেট।
৩০) ব্রিগেডিয়ার জেনারেল (অব: জুবায়ের সিদ্দিকী, অধ্যক্ষ, স্কলার্সহোম স্কুল এন্ড কলেজ, বালুচর, সিলেট।
৩১) প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩২) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৩) সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের জন্য)।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার